# 2021

( Held in 2022 )

## BENGALI

Paper : BEN–HE–5016

( Honours Elective )

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। বিকল্প সমন্বিত প্রশ্নগুলির শুদ্ধ উত্তরটি নির্বাচন করো : ১×১০=১০

(ক) 'খিচুড়ি' ছড়ায় ছাগল কার ঘাড়ে চেপেছিল?

*(i)* হাঁসের

*(ii)* সজারুর

*(iii)* বিছার

*(iv)* গিরগিটির

(খ) 'গোঁফচুরি' ছড়ায় হেডঅফিসের বড়বাবুর কী রোগ ছিল?

*(i)* জ্বর

*(ii)* মাথার ব্যামো

*(iii)* পেটের ব্যথা

*(iv)* চোখের অসুখ

(গ) "খুড়োর মুখে '_____' শুনে চমকে গেল লোকে।"
শূন্যস্থানের সঠিক শব্দটি হল

*(i)* মামা

*(ii)* গাগা

*(iii)* গুংগা

*(iv)* খুড়ো

(ঘ) 'সৎপাত্র' কবিতাটির কবি কে?

*(i)* রবীন্দ্রনাথ ঠাকুর

*(ii)* সুকুমার রায়

*(iii)* জীবনানন্দ দাশ

*(iv)* সত্যেন্দ্রনাথ দত্ত





(ঙ) 'ক্ষীরের পুতুল' কাহিনিতে রাজার প্রাণ কে ছিলেন?

*(i)* দুয়োরানী

*(ii)* ডাকিনী ব্রাহ্মণী

*(iii)* সুয়োরানী

*(iv)* বানর

(চ) 'ক্ষীরের পুতুল'-এ রানীর পায়ে ক'গাছা মল ছিল?

*(i)* চার

*(ii)* সাত

*(iii)* দুই

*(iv)* দশ

(ছ) রাজমন্ত্রী কী দিয়ে বাঁদরছানা কিনে এনেছিলেন?

*(i)* এক জাহাজ রূপো

*(ii)* সাত জাহাজ সোনা

*(iii)* কানাকড়ি

*(iv)* আট হাজার মানিক

(জ) ডাকাতের কথা কাউকে না বলার জন্য কে পদিপিসিকে অনুরোধ করেছিলেন ?

(i) পাঁচুমামা

(ii) রমাকান্ত

(iii) নিমাইখুড়ো

(iv) গাড়োয়ান

(ঝ) হাঙরের নকশা-আঁকা লাল বর্মীবাক্সটিতে কী ছিল ?

(i) পাঁচ হাজার টাকা

(ii) হাজার টাকা

(iii) নিমাইখুড়োর প্রাইভেট পেপার

(iv) হীরে-জহরত

(ঞ) গাড়িবারান্দার নীচে গোরুর গাড়ি নামিয়ে কে সিঁড়ির উপর বসে পড়েছিল ?

(i) খেন্তি

(ii) নটবর

(iii) পেঁচী

(iv) ঘনশ্যাম





২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) হাতিমির কী দশা হয়েছিল ? কার সঙ্গে মিলে সিংহের শিং স্পষ্ট হয়েছিল ?

(খ) কার খুড়ো আজব ধরনের কল করেছিলেন ? একথা শুনে কারা সাবাস বলেছিল ?

(গ) রাজা যখন ছোটরানীর কাছে বিদায় চাইতে গিয়েছিলেন তখন ছোটরানী কী করছিলেন ? সেখানে কতজন সখী তাঁর সেবা করছিল ?

(ঘ) বাঁদর-কোলে রাজাকে দেখে বড়রানী কী বলেছিলেন ? রানীর কথা শুনে রাজার কী প্রতিক্রিয়া হয়েছিল ?

(ঙ) "স্‌স্‌ চুপ, এটা শত্রুর আস্তানা। বুক থেকে হৃৎপিণ্ড উখড়ে নিলেও পদিপিসির বর্মীবাক্সর নাম মুখে আনবি না।" এখানে বক্তা কে ? কাকে উদ্দেশ্য করে কথাটা বলা হয়েছে ?

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো চারটি) : ৫×৪=২০

(ক) সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখো :

"মন বলে তায় 'খাব খাব', মুখ চলে তায় খেতে,
মুখের সঙ্গে খাবার ছোটে পাল্লা দিয়ে মেতে।
এমনি ক'রে লোভের টানে খাবার পানে চেয়ে,
উৎসাহেতে হুঁস রবে না চল্‌বে কেবল ধেয়ে।"

(খ) সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখো :

"সেই সাপ জ্যান্ত
গোটা দুই আনত?
তেড়ে মেরে ডাণ্ডা
করে দেই ঠাণ্ডা।"

(গ) 'ক্ষীরের পুতুল'-এ বর্ণিত বড়রানীর চরিত্রের বিষয়ে আলোচনা করো।

(ঘ) ছোটরানী ও ডাকিনী ব্রাহ্মণীর ষড়যন্ত্রের ঘটনাটি সংক্ষেপে নিজের ভাষায় লেখো।

(ঙ) 'পদিপিসির বর্মীবাক্স' উপন্যাসটিতে বর্ণিত ডাকাতদলের হামলার ঘটনাটি নিজের ভাষায় লেখো।

(চ) 'পদিপিসির বর্মীবাক্স' উপন্যাসটিতে বর্ণিত সেজ-দাদামশাই-এর ছোটকাকার বিষয়ে যা জান তা সংক্ষেপে লেখো।

৪। (ক) 'সৎপাত্র' কবিতা অবলম্বনে গঙ্গারাম ও তার বংশপরিচয় দাও। ১০

*অথবা*

(খ) 'গোঁফচুরি' কবিতাটির বিষয়বস্তু নিজের ভাষায় লেখো।





৫। (ক) ক্ষীরের পুতুলকে বর সাজিয়ে বানরের যাত্রাকালে ষষ্ঠীঠাকরুন-সম্পর্কিত ঘটনাটি আলোচনা করো। ১০

*অথবা*

(খ) 'ক্ষীরের পুতুল'-এ রাজা ছোটরানীর জন্য যে সমস্ত উপহার এনেছিলেন সেগুলো সম্পর্কে বিশদভাবে আলোচনা করো।

৬। (ক) 'পদিপিসির বর্মীবাক্স' উপন্যাস অবলম্বনে গজার উপাখ্যানটি নিজের ভাষায় লেখো। ১০

*অথবা*

(খ) বর্মীবাক্সটি হারানোর পর থেকে তাঁর স্বর্গে যাবার পূর্ব পর্যন্ত পদিপিসি কী কী করেছিলেন তা তোমার নিজের ভাষায় লেখো।

৭। (ক) 'ক্ষীরের পুতুল' গল্পে বানর চরিত্রটির ভূমিকা আলোচনা করো। ১০

*অথবা*

(খ) পদিপিসির বর্মীবাক্স উদ্ধারের ঘটনাটির বিবরণ দাও।

★★★